৫০১১৯

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট

বিআরডি সার্কুলার নং-০২

তারিখ: ২২ শ্রাবণ, ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/সিইও/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

"ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর অধীনে অস্থায়ী প্রশাসন সংক্রান্ত প্রবিধানমালা, ২০২৬" প্রণয়ন প্রসঙ্গে।

বিভিন্ন তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির রেজল্যুশন কার্যক্রম কার্যকর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের লক্ষ্যে ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬-এর বিধান পরিপালনের নিমিত্ত একই আইনে প্রদত্ত ক্ষমতা বলে বাংলাদেশ ব্যাংক এর পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত "ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর অধীনে অস্থায়ী প্রশাসন সংক্রান্ত প্রবিধানমালা, ২০২৬" শিরোনামযুক্ত প্রবিধানমালা সকলের অবগতির জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

২। এ প্রবিধানমালা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ড. সৈয়দ নজরুল ইসলাম)
পরিচালক (বিআরডি)
ফোন: ৫৫৬৬৫০০১-৬/২২২৮৯

ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর অধীনে অস্থায়ী প্রশাসন সংক্রান্ত প্রবিধানমালা, ২০২৬

ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ (২০২৬ সনের ৮৮ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে এবং ধারা ১৯ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে প্রশাসক ও তাহার সহযোগী নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই প্রবিধানমালা ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর অধীনে অস্থায়ী প্রশাসন সংক্রান্ত প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা আশু সংশোধনমূলক ব্যবস্থার অধীন অথবা রেজল্যুশনের আওতাধীন তফসিলি ব্যাংক (ডিজিটাল ব্যাংকসহ) ও ফাইন্যান্স কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই প্রবিধানমালা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

৩। **প্রশাসকের যোগ্যতা।**———(১) প্রশাসক নিয়োগের জন্য তফসিলি ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১৫ এর উপ-ধারা (৬) ও (১২) এবং ফাইন্যান্স কোম্পানির ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ১৫ এর এর উপ-ধারা (৮) ও (৯) এর বিধানাবলি প্রযোজ্য হইবে:

(২) কোনো ব্যক্তি প্রশাসক হিসাবে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না, যদি-

(ক) উক্ত ব্যক্তি উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী অনুপযুক্ত বিবেচিত হন; এবং

(খ) উক্ত ব্যক্তি বা তাহার পরিবারের কোনো সদস্য আশু সংশোধনমূলক ব্যবস্থা বা রেজল্যুশনের আওতাধীন সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির দেনাদার, পাওনাদার, শেয়ার ধারক বা অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি হন, অথবা উক্ত তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির সহিত তাহাদের স্বার্থের সংঘাত থাকে।

ব্যাখ্যা ১।—**"পরিবার"** বলিতে কোনো ব্যক্তির স্ত্রী, স্বামী, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভাই, বোন এবং উক্ত ব্যক্তির উপর নির্ভরশীল কোনো ব্যক্তিকে বুঝাইবে।

ব্যাখ্যা ২।—**"স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি"** বলিতে ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ৩ এর উপ-ধারা (৩২) এ উল্লেখিত ব্যক্তি ও নিম্নবর্ণিত ব্যক্তিকে বুঝাইবে, যাহার-

(ক) ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির সম্পদের সহিত প্রতিযোগিতামূলক সংঘাত ঘটায় এইরূপ সম্পদের মালিকানা রহিয়াছে; এবং

(খ) অস্থায়ী প্রশাসনের পরিধির মধ্যে প্রশাসককে নিরপেক্ষভাবে কার্য সম্পাদনে বাধা প্রদান করিতে পারে এইরূপ অন্যান্য স্বার্থ রহিয়াছে।

(৩) কোনো ব্যক্তি কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির প্রশাসক হিসাবে নিযুক্ত হইবার জন্য মনোনীত হইলে উক্ত সময়কালে যদি তিনি উক্ত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির কার্যকলাপে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আর্থিক বা অন্যবিধ কোনো স্বার্থের অধিকারী হন, তাহা হইলে তিনি ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টকে বিষয়টি অবহিত করিবেন এবং ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট তাহা বিবেচনা করত প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) কোনো ব্যক্তি কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির প্রশাসক হিসাবে নিযুক্ত হইবার পর যদি উক্ত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির কার্যকলাপে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আর্থিক বা অন্যবিধ কোনো স্বার্থ অর্জন করেন, তাহা হইলে তিনি ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টকে অবিলম্বে উক্ত বিষয়টি অবহিত করিবেন এবং সাময়িকভাবে প্রশাসক হিসাবে কাজ করা বন্ধ করিবেন। অবহিত হইবার ৩ (তিন) দিনের মধ্যে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট প্রশাসক হিসাবে তাহার কার্যক্রম পরিচালনার বিষয়টি নিষ্পত্তি করিবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৩) ও (৪) এ উল্লেখিত ক্ষেত্রসমূহে প্রশাসকের জন্য মনোনীত কোনো ব্যক্তি বা প্রশাসক যদি ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টকে অবহিত না করেন এবং ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট অন্যবিধ উপায়ে উক্ত বিষয়ে অবগত হয়, তাহা হইলে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট উক্ত ব্যক্তি বা প্রশাসককে আত্মপক্ষ গ্রহণের সুযোগ প্রদান করত এতদ্বিষয়ে যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৬) উপ-অনুচ্ছেদ (২)(খ), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত বিষয়সমূহ প্রশাসক এর সহযোগী(গণ) এর ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

ব্যাখ্যা।—এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে **"প্রশাসক এর সহযোগী"** অর্থে অস্থায়ী প্রশাসন পরিচালনার ক্ষেত্রে প্রশাসককে সহায়তা করার নিমিত্ত ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ৬ এর অধীন গঠিত ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট কর্তৃক নিযুক্ত ব্যক্তি(গণ)কে বুঝাইবে।

৪। **প্রশাসক নিয়োগ পদ্ধতি।**—(১) ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ১৯ এর আওতায় আশু সংশোধনমূলক ব্যবস্থার অধীন অথবা রেজল্যুশনের অধীন কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে প্রশাসক বা/এবং তাহার সহযোগী হিসাবে নিয়োগের উদ্দেশ্যে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত যোগ্যতার মানদন্ডে উপযুক্ত ব্যক্তিগণের মধ্য হইতে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিবে।

(২) ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট এর পরামর্শক্রমে বাংলাদেশ ব্যাংক এর হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট উক্ত ব্যক্তি(গণ)কে প্রশাসক বা/এবং তাহার সহযোগী হিসাবে সংশ্লিষ্ট ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে বহাল করিবে।

(৩) নিয়োগপ্রাপ্ত প্রশাসক বা/এবং তাহার সহযোগী(গণ) ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট এর সহিত সংযুক্ত থাকিয়া তাহাদের উপর অর্পিত দায়িত্ব পালন করিবেন এবং দায়িত্ব পালনকালে তাহাদের ছুটি, কর্মমূল্যায়ন বা এতদসংশ্লিষ্ট অন্যান্য কার্যাবলি ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট কর্তৃক সমন্বয় করা হইবে।

(৪) প্রশাসক বা/এবং তাহার সহযোগী(গণ)কে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক প্রদান করা হইবে।

(৫) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত শর্তানুসারে, প্রশাসক বা/এবং তাহার সহযোগীর পারিশ্রমিকসহ অস্থায়ী প্রশাসনের সকল ব্যয় অস্থায়ী প্রশাসনের আওতাধীন তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক নির্বাহ করা হইবে।

(৬) এই প্রবিধানমালার অনুচ্ছেদ ৩ এবং অনুচ্ছেদ ৯ এর বিধান অনুযায়ী কোনো প্রশাসক বা/এবং তাহার সহযোগীকে অস্থায়ী প্রশাসনের দায়িত্ব হইতে প্রত্যাহার বা অব্যাহতি প্রদান আবশ্যক হইলে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট অন্য কোনো ব্যক্তি(গণ)কে প্রশাসক বা/এবং তাহার সহযোগী হিসাবে নিয়োগ প্রদান করিবে।

(৭) বাংলাদেশ ব্যাংক, কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে প্রশাসক নিয়োগের পর পরবর্তী কার্যদিবসের মধ্যে উক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক ও উক্ত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির ওয়েবসাইট এবং বাংলাদেশে বহুল প্রচারিত অন্যূন একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

৫। **প্রশাসকের মেয়াদ।**—(১) ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ১৯ এর উপ-ধারা (২) এ বর্ণিত মেয়াদই হইবে কোনো তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে নিয়োগকৃত প্রশাসকের মেয়াদ।

(২) কোনো প্রশাসক বা তাহার অস্থায়ী প্রশাসনের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে এবং উহা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিবে।

৬। **প্রশাসকের ক্ষমতা।**—অস্থায়ী প্রশাসনের আওতায় নিযুক্ত প্রশাসক, ক্ষেত্রমতে, ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টের সহিত পরামর্শক্রমে অস্থায়ী প্রশাসনের অধীন থাকা তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যক্রম (critical functions) চলমান রাখিবার স্বার্থে, প্রয়োজনবোধে, উক্ত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির মুখ্য ব্যবস্থাপনা কর্মীদের প্রতিস্থাপন করিতে পারিবেন এবং উক্ত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির চেয়ারম্যান, পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে সাময়িকভাবে দায়িত্ব পালন করিবেন।

৭। **প্রশাসকের কার্যাবলি**।—(১) আশু সংশোধনমূলক ব্যবস্থার অধীন তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে নিযুক্ত প্রশাসক নিম্নরূপ কার্যাবলি সম্পাদন করিবেন:

(ক) একজন স্বতন্ত্র নিরীক্ষক নিয়োগ করিবার মাধ্যমে অস্থায়ী প্রশাসনের আওতাধীন ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির প্রকৃত আর্থিক অবস্থা নিরূপণ;

(খ) প্রতিবেদনসহ দফা (ক) এর আওতায় নিরীক্ষিত আর্থিক বিবরণী প্রশাসক নিয়োগের তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাস অথবা ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ডিপার্টমেন্টে দাখিল;

(গ) দফা (ক) এর আওতায় নিরীক্ষিত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির আর্থিক অবস্থা সংরক্ষণ বা পুনরুদ্ধারের উদ্দেশ্যে দফা (খ) এর আওতায় প্রতিবেদন দাখিলের অনধিক ১ (এক) মাসের মধ্যে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে পরিকল্পনা দাখিল;

(ঘ) দফা (গ) এর আওতায় দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির ব্যবসা বা ব্যবসার অংশবিশেষ পরিচালনা;

(ঙ) ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির ব্যবসায় সুষ্ঠু ও বিচক্ষণ ব্যবস্থাপনা পুনঃপ্রতিষ্ঠা করিবার পদক্ষেপ গ্রহণ;

(চ) ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির সকল তথ্য ও নথিপত্রের যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং গোপনীয়তা সংরক্ষণ;

(ছ) অস্থায়ী প্রশাসনের মেয়াদকালে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির উপর গৃহীত সকল সিদ্ধান্ত ও পদক্ষেপ সম্পর্কিত তথ্যের রেজিস্টার সংরক্ষণ;

(জ) প্রশাসক হিসাবে নিযুক্তির অন্যান্য শর্তাবলির যথাযথ পরিপালন;

(ঝ) গৃহীত সামগ্রিক কার্যক্রমের উপর অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে দাখিল;

(ঞ) ব্যাংকের সকল সম্পদ ও দায় এবং নিয়ন্ত্রণ, প্রযোজ্য ক্ষেত্রে, ব্যাংকের নতুন পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট যথাযথ প্রক্রিয়ায় হস্তান্তর; এবং

(ট) ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ২৪ এর বিধানমতে অস্থায়ী প্রশাসনের কার্যক্রম সমাপ্তির তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে অস্থায়ী প্রশাসনের কার্যক্রমের উপর একটি চূড়ান্ত প্রতিবেদন ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে দাখিল।

(২) রেজল্যুশন প্রক্রিয়ার অধীন তফসিলি ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে নিযুক্ত প্রশাসক নিম্নরূপ কার্যাবলি সম্পাদন করিবেন:

(ক) ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ২১ অনুযায়ী অস্থায়ী প্রশাসনের আওতাধীন ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির সম্পদ ও দায়ের তালিকা প্রস্তুতকরত প্রশাসক নিয়োগের তারিখ হইতে অনধিক ২ (দুই) মাস অথবা ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে দাখিল;

(খ) কার্যকর রেজল্যুশনের সর্বোত্তম পন্থা বাস্তবায়নের সুপারিশসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন দফা (ক) এর আওতায় প্রতিবেদন দাখিলের অনধিক ১ (এক) মাসের মধ্যে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে দাখিল;

(গ) ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট কর্তৃক গৃহীত রেজল্যুশন কার্যক্রম বা/এবং প্রণীত রেজল্যুশন স্কিম এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(ঘ) ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির সকল তথ্য ও নথিপত্রের যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং গোপনীয়তা সংরক্ষণ;

(ঙ) অস্থায়ী প্রশাসনের মেয়াদকালে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির উপর গৃহীত সকল সিদ্ধান্ত ও পদক্ষেপ সম্পর্কিত তথ্যের রেজিস্টার সংরক্ষণ;

(চ) ফরেনসিক নিরীক্ষা সম্পাদনের মাধ্যমে ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ৫৪ ও ধারা ৫৯ এ বর্ণিত অপরাধ এর সহিত জড়িত ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানির পরিচালক এবং কর্মকর্তাদের চিহ্নিতকরণের পদক্ষেপ গ্রহণ;

ব্যাখ্যা।—"ফরেনসিক নিরীক্ষা (Forensic Audit)" বলিতে সন্দেহজনক জালিয়াতি, দুর্নীতি, আর্থিক অনিয়ম, সম্পদ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার অথবা অন্যান্য আর্থিক অপরাধ সংক্রান্ত বিষয়ে, অপরাধের সঙ্গে দায়ী ব্যক্তির সংশ্লিষ্টতা এবং আইনগত বা বিচারিক কার্যক্রমে ব্যবহারের উপযোগী প্রমাণ সংগ্রহ, সংরক্ষণ, মূল্যায়ন এবং প্রয়োজনীয় প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে পরিচালিত একটি স্বাধীন ও পদ্ধতিগত নিরীক্ষা (দেশী ও বিদেশী নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক) কার্যক্রমকে বুঝাইবে, যাহার মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির আর্থিক নথি, হিসাব, লেনদেন, তথ্য-উপাত্ত, ইনফরমেশন সিস্টেম এবং সংশ্লিষ্ট কার্যক্রম পরীক্ষা, যাচাই ও বিশ্লেষণ করা হয়।

(ছ) অস্থায়ী প্রশাসনের মেয়াদকালে দফা (চ) অনুযায়ী দায়ী ব্যক্তি চিহ্নিত হইলে তাহাদের কর্ম, নিষ্ক্রিয়তা ও সিদ্ধান্তের জন্য তাহাদের বিরুদ্ধে আনীত অন্য কোনো আইনগত কার্যক্রমকে ক্ষুন্ন না করিয়া উক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর বিধান অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণ;

(জ) প্রশাসক হিসাবে নিযুক্তির অন্যান্য শর্তাবলির যথাযথ পরিপালন;

(ঝ) গৃহীত সামগ্রিক কার্যক্রমের উপর অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট এ দাখিল;

(ঞ) ব্যাংকের সকল সম্পদ ও দায় এবং নিয়ন্ত্রণ, প্রযোজ্য ক্ষেত্রে, ব্যাংকের নতুন পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, বা ব্রিজ ব্যাংক, বা হস্তান্তরগ্রহীতা, বা অবসায়কের নিকট যথাযথ প্রক্রিয়ায় হস্তান্তর;

(ট) প্রযোজ্য ক্ষেত্রে, ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট এর নির্দেশনা মোতাবেক হস্তান্তরগ্রহীতার কার্যক্রম পরিচালনা, সম্পদ ও দায় ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(ঠ) ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ২৪ এর বিধানমতে অস্থায়ী প্রশাসনের কার্যক্রম সমাপ্তির তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে অস্থায়ী প্রশাসনের কার্যক্রমের উপর একটি চূড়ান্ত প্রতিবেদন ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্টে দাখিল।

(৩) প্রশাসক ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ৬৫ এর বিধানমতে কার্য সম্পাদন করিতে ব্যর্থ হইলে তাহার জন্য দায়বদ্ধ থাকিবেন।

৮। **প্রশাসকের সহযোগী(গণে)র কার্যাবলি।**—(১) প্রশাসকের সহযোগী(গণ) অনুচ্ছেদ ৭ অনুযায়ী প্রশাসকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদনে সহায়তা করিবেন।

(২) প্রশাসকের সহযোগী হিসাবে নিযুক্তির অন্যান্য শর্তাবলি (যদি থাকে) পরিপালন করিবেন।

(৩) প্রশাসকের সহযোগী(গণ) তাহাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদনে ব্যর্থতার জন্য দায়বদ্ধ থাকিবেন।

৯। **প্রশাসকের অবসান।**—(১) ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ এর ধারা ২৩ এর বিধানমতে কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে নিযুক্ত প্রশাসকের অবসান হইবে।

(২) প্রশাসক বা/এবং তাহার সহযোগী(গণ) এর কার্যক্রমের অবসান হইলে তিনি/তাহারা পদায়নের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক এর হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্টে সংযুক্ত হইবেন।

১০। **প্রশাসকের সহযোগী(গণ) এর নিয়োগ পদ্ধতি, মেয়াদ ও অবসান।**—প্রশাসকের সহযোগী(গণ) এর নিয়োগ পদ্ধতি, মেয়াদ ও অবসানের ক্ষেত্রে এই প্রবিধানমালার অনুচ্ছেদ ৪, ৫ ও ৯ এর বিধান প্রযোজ্য হইবে।

১১। **সংশোধন, সংযোজন বা বিয়োজন।**—(১) বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের অনুমোদন সাপেক্ষে এই প্রবিধানমালায় যেকোনো সংশোধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে।

(২) এই প্রবিধানমালায় কোনো ধরণের সংশোধন, সংযোজন বা বিয়োজন করা হইলে উহা অবিলম্বে জারি করিতে হইবে।

(৩) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট এই প্রবিধানমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে প্রয়োজনীয় সার্কুলার জারি ও গাইডলাইন্স প্রণয়ন করিতে পারিবে।

১২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৩ অক্টোবর, ২০২৫ তারিখের বিআরডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে জারিকৃত "Regulations for Bank Resolution, 2025" এর অনুচ্ছেদ ২৭ এবং "Schedule D: Administrator Appointment Form" ও "Schedule E: TOR of the Temporary Administration" এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত অনুচ্ছেদ ২৭ এবং সিডিউল এর অধীন কৃত কোনো কাজ বা গৃহীত কোনো ব্যবস্থা এই প্রবিধানমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।